

## প্ৰেস বিজ্ঞপ্তি ।

জাতীয় রাজস্ব বোর্ডের অধীন Reforms In Revenue Administration (RIRA ) প্রকল্প মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর ( ৩০ শে জুন ২০০৭ পর্যন্ত জারীকৃত সংশোধনীর আলোকে হালনাগাদকৃত) একটি শোভন সংকলন প্রকাশ করেছে। আজ সকালে উক্ত সংকলনের সৌজন্য কপি জওজঅ প্রকল্পের পক্ষ থেকে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোহাম্মদ আবদুল মজিদের কাছে হস্তান্তর করা হয়। বাংলাদেশ ব্যাপী কর্মরত সকল মুসক কর্মকর্তাদের মধ্যে এই সংকলন জরুরী ভিত্তিতে বিতরণ করা হবে। এর ফলে মুসক আদায়ে আইন ও বিধি সঠিকভাবে প্রয়োগের মাধ্যমে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা মূল্য সংযোজন কর কর্মকর্তাদের জন্য সহজ হবে। এতে করদাতাগণও উপকৃত হবেন। এছাড়াও RIRA প্রকল্পের ওয়েব সাইট ([www.riraproject.org.bd](http://www.riraproject.org.bd) ) এবং জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট ([www.nbr.bd.org](http://www.nbr.bd.org) ) এ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ দেওয়া আছে। সম্মানিত করদাতা ও আগ্রহী ব্যক্তিগণ উক্ত ওয়েব সাইট থেকে এ বিষয়ে মুসক আইন ও বিধি অবলোকন করতে পারবেন। করদাতাদের নিকট থেকে অধিযাচন পাওয়া গেলে জাতীয় রাজস্ব বোর্ড ভবিষ্যতে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর সংকলন সুলভ মূল্যে মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করবে।

তারিখঃ ১১/১২/২০০৭ ইং

মূল্য সংযোজন কর অনুবিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড,  
ঢাকা।

